সংবাদ

তারিখ 19 OCT 2002

# হবিগঞ্জে মেধাবী ছাত্রছাত্রীদের সংবর্ধনা

হবিগঞ্জ থেকে নিজস্ব সংবাদদাতা ঃ রোটারি ক্লাব অফ হবিগঞ্জ উচ্চ মাধ্যমিক পরীক্ষা ২০০২-এ কৃতিত্বপূর্ণ ফলাফল অর্জনকারী জেলার ছাত্রছাত্রীদের সংবর্ধনা প্রদান করেছে।

১১ই অক্টোবর সকাল ১০টায় স্থানীয় সার্কিট হাউস মিলনায়তনে ক্লাব সভাপতি রোটারিয়ান আলহাজ এম.এ শহীদ সালেহর সভাপতিত্বে অনুষ্ঠিত এ সংবর্ধনায় প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক মোহাম্মদ আবদুল কাইয়ুম। বিশেষ অতিথি ছিলেন সাবেক সংসদ সদস্য আবু লেইছ মো. মবিন চৌধুরী, উপাধ্যক্ষ ইকরামুল ওয়াদুদ, সহকারী অধ্যাপক নিরঞ্জন দাস ও আলিফ সোহবান কলেজের প্রতিষ্ঠাতা সদস্য রোটারিয়ান ফজলুর রহমান চৌধুরী। অনুষ্ঠানের শুরুতে জাতীয় সঙ্গীত পরিবেশন করে রোটারেক্ট তন্ময় কান্তি চৌধুরী। সংবর্ধিত ছাত্রছাত্রীদের পরিচয় করিয়ে দেয়ার পর তাদের ফুল দিয়ে শুভেচ্ছা জানান রোটারেক্টবৃন্দ। স্বাগত বক্তব্য রাখেন সংবর্ধনা কমিটির আহ্বায়ক ও হবিগঞ্জ পৌরসভার চেয়ারম্যান রোটারিয়ান শহীদ উদ্দিন চৌধুরী। অন্যদের মধ্যে বক্তব্য রাখেন রোটারিয়ান আলমগীর ভুঁইয়া বাবুল, রোটারিয়ান পূণ্যব্রত চৌধুরী, রোটারিয়ান আলহাজ এম.এ. মতিন খান, সহকারী অধ্যাপক ইলিয়াছ বখত চৌধুরী জালাল এবং সংবর্ধিত ছাত্রছাত্রীদের পক্ষে বক্তব্য রাখেন শঙ্কর চন্দ্র দেব। বক্তারা কৃতী ছাত্রছাত্রীদের আন্তরিক অভিনন্দন জানিয়ে আগামীতে আরও ভাল ফলাফল করতে জন্য লেখাপড়ায় মনোনিবেশ করার জন্য আহ্বান জানান। রোটারি ক্লাবের পক্ষ থেকে ছাত্রছাত্রীদের সম্মাননাপত্র ও ব্যাগ উপহার দেয়া হয়। ধন্যবাদ জ্ঞাপন করেন রোটারিয়ান সুভাষ চন্দ্র দেব। অনুষ্ঠান পরিচালনা করেন ক্লাব সেক্রেটারি রোটারিয়ান ফজলুল হক চৌধুরী।




*হবিগঞ্জ ঃ রোটারি ক্লাব হবিগঞ্জ উচ্চ মাধ্যমিক পরীক্ষা ২০০২-এ জেলার কৃতী ছাত্রছাত্রীদের সংবর্ধনা প্রদান করা হয়* - সংবাদ